

কালো
সুপ্রিয় ফণী

বীরপুরুষেরা শুধু সাদা চামড়ার ?
স্বাস রোধ করা সাদা হাঁটু কুর্নিশ !
পাশে দর্শক, বন্দুক সরকারি --
আইন রয়েছে -- শ্রেষ্ঠ ও যান্ত্রিক
শুনানির শেষে রাষ্ট্র স্বেচ্ছাচারী ...

সাদা চামড়ার মাসাই দেখেছো ? জানো ?
তোমার বুলেট কোমরে থাকবে... স্নেহে ...
বর্শা-বিদ্ব দ্বি যদি ডেকে আনো --
গোলাপের ব্যোকে রেখে যেও মৃতদেহে ...